| ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ<br>দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন | **সিটি কর্পোরেশন এলাকায় বর্জ্য সংগ্রহ সেবার মান বিষয়ক জরিপ**<br><br>**জরিপকর্মী আবশ্যক** |
|---|---|

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ 'সিটি কর্পোরেশন এলাকায় বর্জ্য সংগ্রহ সেবার মান বিষয়ক জরিপ' পরিচালনার উদ্দেশ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে স্বল্প মেয়াদে 'মাঠ তথ্য সংগ্রহকারী' পদে উপযুক্ত প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করছে।

**নিয়োগ সংক্রান্ত তথ্য:**

- মাঠ তথ্য সংগ্রহকারী: ১৫ জন।
- জরিপের সময়: অক্টোবর - নভেম্বর ২০২৬ (কমপক্ষে ২৫ দিন)

**মাঠ তথ্য সংগ্রহকারী পদে আবেদনের যোগ্যতা:**

- প্রার্থীকে স্নাতক বা সমমান ডিগ্রিধারী হতে হবে, সামাজিক বিজ্ঞান অনুষদের যেকোনো বিষয়ে ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। শিক্ষা জীবনের কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ অথবা জিপিএ ২.০ এর কম (এসএসসি/এইচএসসি) এবং সিজিপিএ ২.৫ এর কম (স্নাতক/স্নাতকোত্তর) গ্রহণযোগ্য নয়;
- জরিপ কাজে মাঠ থেকে তথ্য সংগ্রহে বিশেষ করে সুশাসন ও দুর্নীতিবিষয়ক জরিপের কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে;
- আবেদনকারীর এমএস অফিস এবং জরিপ সংক্রান্ত তথ্য সংগ্রহের মোবাইল অ্যাপ ব্যবহার সম্পর্কে ধারণা থাকতে হবে;
- জরিপের প্রয়োজনে প্রার্থীর ই-মেইল অ্যাকাউন্ট এবং তথ্য সংগ্রহের জন্য অ্যান্ড্রয়েড স্মার্ট ফোন (স্ক্রিন সাইজ সর্বনিম্ন ৫ ইঞ্চি, 4G Support এবং সর্বনিম্ন অ্যান্ড্রয়েড ভার্সন ১২, মোবাইল-ব্যাটারি কমপক্ষে ৪৫০০ মিলি এ্যাম্পিয়ার/একাধারে কমপক্ষে ৭-৮ ঘন্টা মোবাইল ব্যবহার করার ব্যবস্থা) থাকতে হবে;
- ৩১ আগষ্ট ২০২৬ তারিখে বয়সসীমা সর্বোচ্চ ৩০ বছর হতে হবে।

**মাঠ তথ্য সংগ্রহকারীর ভাতা ও প্রাসঙ্গিক বিষয়াদি:**

- প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের প্রশিক্ষণের জন্য ২০ জনকে আহ্বান করা হবে এবং প্রশিক্ষণের মূল্যায়নের প্রেক্ষিতে ১৫ জনকে চূড়ান্ত প্রার্থী হিসেবে নির্বাচন করা হবে;
- মাঠ পর্যায় দৈনিক কর্মভাতা ৮০০ টাকা; আবাসন ভাতা ৮০০ টাকা (বিভাগীয় শহরের ক্ষেত্রে), ৬০০ টাকা (জেলা শহরের ক্ষেত্রে); খাদ্য ভাতা ৭৫০ টাকা এবং মাঠ পর্যায়ে যাতায়াত ভাতা ৩৫০ টাকা হারে প্রদান করা হবে। উল্লেখ্য, যাতায়াত ভাতা সাপ্তাহিক ছুটিসহ অন্যান্য ছুটির দিনে প্রযোজ্য নয়;
- মোবাইল ফোনের বিল বাবদ মাসিক ৩০০ টাকা এবং জরিপের নির্ধারিত মোবাইল অ্যাপ ব্যবহারের জন্যে ইন্টারনেট বিল বাবদ মাসিক ৪০০ টাকা ভাতা প্রদান করা হবে;
- সর্বশেষ কর্মএলাকা থেকে ঢাকায় ফেরত আসার ও যাওয়ার (দূরবর্তী ভ্রমণে নন-এসি বাস/ট্রেন/লঞ্চ মাধ্যমে) প্রকৃত পরিবহন খরচ টিআইবির নিয়ম অনুযায়ী প্রদান করা হবে;
- প্রশিক্ষণ চলাকালীন সকল প্রার্থী দৈনিক ৪০০ টাকা ভাতা পাবেন; দূরযাত্রার ক্ষেত্রে বাসস্থান থেকে প্রশিক্ষণ স্থান এবং প্রশিক্ষণ স্থান থেকে বাসস্থান প্রযোজ্য হবে;
- কোনো ধরনের ভাতা অগ্রীম প্রদান করা হবে না (প্রশিক্ষণ সংক্রান্ত ভাতাসমূহ সফলভাবে প্রশিক্ষণ শেষে প্রদান করা হবে এবং মাঠপর্যায়ের ভাতাসমূহ প্রতি ১৫ দিন অন্তর অন্তর প্রদান করা হবে);
- Tax Identification Number (TIN) সার্টিফিকেট সরবরাহ করতে হবে;
- সকল প্রকার ভাতা ইলেকট্রনিক ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করা হবে, বিধায় নির্বাচিত প্রার্থীদের নিজ নামে ব্যাংক/বিকাশ অ্যাকাউন্ট থাকতে হবে।

আগ্রহী প্রার্থীদেরকে অবশ্যই উল্লিখিত নির্দেশনা অনুযায়ী টিআইবির ওয়েবলিংক (https://recruitment.ti-bangladesh.org)- এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। অন্য কোনো মাধ্যমে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না। আবেদনকারীদের মধ্য হতে বাছাইকৃতদের প্রতিযোগিতামূলক মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত করা হবে।

**আবেদনের শেষ তারিখ: ৩১ আগষ্ট ২০২৬**